

পুজোর প্রস্তুতি

সেপ্তেম্বরের শেষে শরত যেন দিনে দিনে
প্রকৃতিতে স্থিরতার আমেজ টেনে আনে
মেঘের ঘনঘটা সরিয়ে মহাশূন্যে
আকাশ দাঁড় করায় সূর্যকে তার স্থানে।

বৃষ্টির কাতরতা তখন আর থাকে না
সূর্য স্বাধীন হয়ে কৃতজ্ঞতায়, তীব্র উত্তাপ আর ছড়ায় না,
প্রকৃতি তখন পল্লবে ও শাখায়, ফুলে ও পাতায় যায় ছেয়ে
শিউলির গন্ধ ভেসে আসে উষার সুমধুর বাতাসে।

পদ্ম ও গাঁদার সাথে সদ্যফোটা অপরাজিতাও স্ফুর্ভিতে হাসে-
সাদা কাশের বন মন্তুর হাওয়ায় মাথা দোলায় সুমধুর সুবেশে।
ভারতের অনন্তে যদিকে চাও দিগন্ত জোড়া নীল
এই বার পুজোয় বসবেন প্রকৃতি-সর্বত্র আনন্দ অনাবিল!